

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১৪১৬.২০১৬(১) - ১২০৬

তারিখ : ০৭/০২/২০১৭ খ্রি:

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে কমিউনিটি সেন্টার নির্মাণ ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি নিম্নলিখিত প্রকল্পথামের কমিউনিটি সেন্টার নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি :

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	সংখ্যা	ছাড়কৃত অর্থের পরিমাণ	
১	বরিশাল	মেহেন্দিগঞ্জ	কালিগঞ্জ	১	৯,৩৩,৭০১.০০	নয় লক্ষ তেত্রিশ হাজার সাতশত এক টাকা মাত্র
২	বরিশাল	মেহেন্দিগঞ্জ	নতুনচর	১	৯,৩৩,৭০১.০০	নয় লক্ষ তেত্রিশ হাজার সাতশত এক টাকা মাত্র
৩	মানিকগঞ্জ	হরিরামপুর	রীতা	১	৯,৩৩,৭০১.০০	নয় লক্ষ তেত্রিশ হাজার সাতশত এক টাকা মাত্র
৪	চাঁদপুর	সদর	গোক্ষরদী	১	৯,৩৩,৭০১.০০	নয় লক্ষ তেত্রিশ হাজার সাতশত এক টাকা মাত্র
৫	ময়মনসিংহ	ফুলপুর	কুকাইল (১ম খন্ড)	১	৯,৩৩,৭০১.০০	নয় লক্ষ তেত্রিশ হাজার সাতশত এক টাকা মাত্র
			মোট	৫	৪৬,৬৮,৫০৫.০০	ছেচত্রিশ লক্ষ আটষট্টি হাজার পাঁচশত পাঁচ টাকা মাত্র

২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৪.২০১৭ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।

৩। প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” (সংশোধিত ২০০৯) এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক এ কার্যালয়কে অবহিত করতে হবে।

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে এ দপ্তরে পৌঁছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০১৬ উপ-খাতে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০১৬ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৭ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

১১। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাব ভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল।


১২। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং- ১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪খ্রিঃ এবং স্মারক নং ০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬, তারিখ ৩০/০৪/২০১৪খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

www.ashrayanpmo.gov.bd

Download(Click)

Estimate & Design (community Center)

আপনার বিশ্বস্ত,



(আবুল কালাম শামসুদ্দিন)

প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)

ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল/মানিকগঞ্জ/চাঁদপুর/ময়মনসিংহ।
- ২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল/হরিরামপুর, মানিকগঞ্জ/ফুলপুর, ময়মনসিংহ।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল/হরিরামপুর, মানিকগঞ্জ/ফুলপুর, ময়মনসিংহ।
- ৫। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মেহেন্দিগঞ্জ, বরিশাল/হরিরামপুর, মানিকগঞ্জ/ফুলপুর, ময়মনসিংহ।
- ৬। প্রকল্প নথি/অফিস কপি।